

জনাব দিলদার আহমদ

(অতিরিক্ত সচিব)

চেয়ারম্যান

বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব জনাব দিলদার আহমদ (পরিচিতি নং-৩৩৮৫) গত ১০/১০/২০১৬ খ্রিঃ তারিখ বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের চেয়ারম্যান হিসেবে যোগদান করেন। জনাব দিলদার আহমদ বিগত ০১/০২/১৯৬১ খ্রিঃ তারিখ শেরপুর জেলায় এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। তিনি ১৯৭৬ সনে এসএসসি, ১৯৭৯ সনে এইচএসসি, ১৯৮২ সনে বিএ (অনার্স) এবং ১৯৮৩ সনে লোক প্রশাসন বিষয়ে এম, এ, পাশ করেন। তিনি ১৯৮৪ সনে বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ২১/০১/১৯৮৬ খ্রিঃ তারিখ প্রশাসন ক্যাডারে চাকরিতে যোগদান করেন। তিনি বাংলাদেশ সরকারের বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ ও দপ্তরের গুরুত্বপূর্ণ দায়িত্ব সূনামের সহিত পালন করে আসছেন। তিনি এ সময়ে অভ্যন্তরীণ প্রশিক্ষণ ছাড়াও দারিদ্র বিমোচন, টেকসই ভূ-সম্পদ ব্যবস্থাপনা, টি,আর,এন,জি কর্ম সূচী, প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা প্রভৃতি বিষয়ে যুক্তরাজ্য থাইল্যান্ড, ভারত, মালয়েশিয়া, সিঙ্গাপুর, অস্ট্রেলিয়াসহ বিশ্বের বিভিন্ন দেশ থেকে উচ্চতর প্রশিক্ষণ গ্রহণ করেন।

জনাব দিলদার আহমদ বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের চেয়ারম্যান হিসেবে সরকারের কৃপাকল্প ২০২১ বাস্তবায়নের লক্ষ্যে দেশের মৎস্য ও মৎস্য শিল্পের উন্নয়নে একনিষ্ঠভাবে কাজ করে যাচ্ছেন। বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের আয়ের উৎস খুবই সীমিত হলেও নতুন নতুন উদ্ভাবনী পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের মাধ্যমে আয় বৃদ্ধি করতঃ প্রতিষ্ঠানটিকে যুগোপযোগী করণের প্রচেষ্টায় তিনি নিয়োজিত আছেন।